



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইউনিয়ন পরিষদ -২ শাখা  
www.lgd.gov.bd



স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০১৮.৯৯.০১১.১৮.৩৪

তারিখ: ১৪ ফাল্গুন ১৪২৮

২৭ ফেব্রুয়ারি ২০২২

বিষয়: এলজিএসপি-৩ এর এমআইএস-এ সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সদস্যদের তথ্যসহ সকল জনবলের তথ্য হালনাগাদকরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন লোকাল গভর্ন্যান্স সাপোর্ট প্রজেক্ট-৩ (এলজিএসপি-৩) জানুয়ারি, ২০১৭ হতে ডিসেম্বর, ২০২২ মেয়াদে চলমান রয়েছে। স্থানীয় সরকার বিভাগের দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন ও গতিশীলতা আনয়নের জন্য এলজিএসপি-৩ এর এমআইএস-এ (www.mislgsp.gov.bd) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সদস্যদের তথ্যসহ সকল জনবলের তথ্য হালনাগাদ করা প্রয়োজন। স্থানীয় সরকার বিভাগ ও এলজিএসপি-৩ হতে সকল ধরনের যোগাযোগের ক্ষেত্রে ইউনিয়ন পরিষদ সচিবদের ই-মেইল আইডি ও মোবাইল নম্বর থাকা প্রয়োজন।

০২। এমতাবস্থায়, এলজিএসপি-৩ এর এমআইএস-এ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সদস্যগণের তথ্যসহ সকল জনবলের তথ্য (ই-মেইল আইডি ও মোবাইল নম্বরসহ) আগামী ১৬/০৩/২০২২ তারিখের মধ্যে হালনাগাদ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। পরবর্তী সময়ে প্রয়োজনীয় হালনাগাদ করার জন্যও অনুরোধ করা হলো।

২৭-২-২০২২

মোঃ আকবর হোসেন

উপসচিব

ফোন: ৯৫১৪১৯০

ইমেইল: lgup2@lgd.gov.bd

ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল)।

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০১৮.৯৯.০১১.১৮.৩৪/১(৯৯৮)

তারিখ: ১৪ ফাল্গুন ১৪২৮

২৭ ফেব্রুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) প্রকল্প পরিচালক, লোকাল গভর্ন্যান্স সাপোর্ট প্রজেক্ট-৩ (এলজিএসপি-৩), ৯০/১, মতিঝিল, ঢাকা।

- ২) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা।
- ৩) জেলা প্রশাসক (সকল) [তাঁর জেলাধীন সকল ইউনিয়ন পরিষদকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো]।
- ৪) সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫) উপজেলা নির্বাহী অফিসার (সকল) [তাঁর উপজেলাধীন সকল ইউনিয়ন পরিষদকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো]।
- ৬) প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭) অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮) অতিরিক্ত সচিব (ইউপি) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



২৭-২-২০২২

মোঃ আকবর হোসেন  
উপসচিব